গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৮-৩৫৯

তারিখঃ ২৩ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
০৮ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু ডা. বিশ্বজিৎ পাল (১০০০৬৫৬), মেডিকেল অফিসার, ধামতী উপস্বাস্থ্য কেন্দ্র, দেবিদ্বার, কুমিল্লা গত ৩১.০৭.২০১৪ খ্রি. হতে ০৭.১০.২০১৮ খ্রি. পর্যন্ত মোট চার বছর দুই মাস ছয় দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু ডা. বিশ্বজিৎ পালের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য সেবা বিভাগের ০২.১২.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৮-৪৪৬ নং স্মারকমূলে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু উক্ত নোটিশের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি এবং অভিযোগ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক উক্ত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে মতামতসহ প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডা. বিশ্বজিৎ পালকে চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তাকে চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হলে কমিশন উক্ত সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে; এবং

যেহেতু উক্ত কর্মকর্তাকে চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক ডা. বিশ্বজিৎ পালকে তার অননুমোদিত অনুপস্থিতি শুরুর তারিখ ৩১.০৭.২০১৪ খ্রি. থেকে চাকুরি হতে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৮.১০.২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৮-৩৫৯/১(১৭)

তারিখঃ ০৮.১০.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)

৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
৯। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
১০। সিভিল সার্জন, কুমিল্লা
১১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবিদ্বার, কুমিল্লা
১২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দেবিদ্বার, কুমিল্লা
১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১৫। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১৬। ডা. বিশ্বজিৎ পাল (১০০০৬৫৬), মেডিকেল অফিসার, ধামতী উপস্বাস্থ্য কেন্দ্র, দেবিদ্বার, কুমিল্লা
১৭। অফিস কপি

০৮.১০.২০২০

(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৭.২০২০- ৩৬০ তারিখঃ ১১.১০.২০২০ খ্রি.

**বিষয়ঃ ডা. মোঃ মাঈন উদ্দিন মজুমদার (৪৩৮৫৭), জুনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রামের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা**

বিভাগীয় মামলা নম্বরঃ ... ১৬২.../২০২০

## অভিযোগনামা

যেহেতু আপনি ডা. মঈন উদ্দিন মজুমদার (৪৩৮৫৭), জুনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম ২০১৪-১৫ অর্থবছরে চট্টগ্রাম ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে এমএসআর (ভারী যন্ত্রপাতি) সামগ্রী ক্রয় কার্যক্রমে বাজারদর যাচাই কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালনকালে প্রতারণা ও জালিয়াতির আশ্রয় নিয়ে মেসার্স ওয়ার্সি সার্জিক্যাল, জেনেটিক ট্রেডিং ও রিলায়েন্স সলিউশন লিমিটেডের ভুয়া প্যাডে ভুয়া স্বাক্ষরের মাধ্যমে জাল বাজারদর সৃজন করেছেন;

যেহেতু আপনি উক্ত ক্রয় কার্যক্রমে জাল বাজারদর সৃজন করে হাসপাতালে অধিক মূল্যে এমএসআর সরঞ্জাম ক্রয়/সরবরাহের মাধ্যমে-

১. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ৩০.০৪.২০১৫ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/১০৭৪৪ মূলে ১,৬৮,৯৫,৪২৫/- (এক কোটি আটষট্টি লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচিশ) টাকা,

২. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১৯.০৩.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব ২০১৪-১৫/৬৯১৫ মূলে ১,৩০,৪০,০০০/- (এক কোটি ত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং

৩. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১২.১০.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/৩০২৭৭ মূলে ৬,১৫,৯৫,০০০/- (ছয় কোটি পনের লক্ষ পঁচানব্বই হাজার) টাকা;

অর্থাৎ তিনটি কার্যাদেশে মোট ৯,১৫,৩০,৪২৫/- (নয় কোটি পনের লক্ষ ত্রিশ হাজার চারশত পঁচিশ) টাকা আত্মসাৎ/আত্মসাতে সহযোগিতা করেছেন;

যেহেতু দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধানে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;

যেহেতু উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে দুদকের চট্টগ্রাম-১ সমন্বিত জেলা কার্যালয়ে মামলা নং ৪৬, তারিখ: ২৫.১১.২০১৯ খ্রি. দায়ের করা হয়েছে;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

১১.১০.২০২০

**(মো. আবদুল মান্নান)**
**সচিব**

**ডা. মোঃ মাঈন উদ্দিন মজুমদার (৪৩৮৫৭)**
জুনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি)
২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম
(স্থায়ী ঠিকানাঃ ডাঃ মোঃ মাঈন উদ্দিন মজুমদার, গ্রাম ও পোঃ- সোনাপুর, থানা-চৌদ্দগ্রাম, জেলা- কুমিল্লা)

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৭.২০২০- ৩৬০/১ (১৩) তারিখঃ ১১.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধসহ)
৩। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
৮। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম
৯। সিভিল সার্জন, চট্টগ্রাম।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩। অফিস কপি

১১.১০.২০২০

**(মো: শাহাদত হোসেন কবির)**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

## অভিযোগ বিবরণী

আপনি ডা. মোঃ মাঈন উদ্দিন মজুমদার (৪৩৮৫৭), জুনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম ২০১৪-১৫ অর্থবছরে চট্টগ্রাম ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে এমএসআর (ভারী যন্ত্রপাতি) সামগ্রী ক্রয় কার্যক্রমে বাজারদর যাচাই কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালনকালে প্রতারণা ও জালিয়াতির আশ্রয় নিয়ে মেসার্স ওয়ার্সি সার্জিক্যাল, জেনেটিক ট্রেডিং ও রিলায়েন্স সলিউশন লিমিটেডের ভুয়া প্যাডে ভুয়া স্বাক্ষরের মাধ্যমে জাল বাজারদর সৃজন করেছেন;

আপনি উক্ত ক্রয় কার্যক্রমে জাল বাজারদর সৃজন করে হাসপাতালে অধিক মূল্যে এমএসআর সরঞ্জাম ক্রয়/সরবরাহের মাধ্যমে-

১. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ৩০.০৪.২০১৫ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/১০৭৪৪ মূলে ১,৬৮,৯৫,৪২৫/- (এক কোটি আটষট্টি লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচিশ) টাকা,

২. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১৯.০৩.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব ২০১৪-১৫/৬৯১৫ মূলে ১,৩০,৪০,০০০/- (এক কোটি ত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং

৩. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১২.১০.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/৩০২৭৭ মূলে ৬,১৫,৯৫,০০০/- (ছয় কোটি পনের লক্ষ পঁচানব্বই হাজার) টাকা;

অর্থাৎ তিনটি কার্যাদেশে মোট ৯,১৫,৩০,৪২৫/- (নয় কোটি পনের লক্ষ ত্রিশ হাজার চারশত পঁচিশ) টাকা আত্মসাৎ/আত্মসাতে সহযোগিতা করেছেন;

দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধানে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;

উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে দুদকের চট্টগ্রাম-১ সমন্বিত জেলা কার্যালয়ে মামলা নং ৪৬, তারিখ: ২৫.১১.২০১৯ খ্রি. দায়ের করা হয়েছে;

আপনার উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন।

১১.১০.২০২০

(মো. আবদুল মান্নান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৮.২০২০- ৩৬৯ তারিখঃ ১১.১০.২০২০ খ্রি.

**বিষয়ঃ ডা. বিজন কুমার নাথ (৪২০৭৩), সিনিয়র কনসালটেন্ট (সার্জারি), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রামের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা**

বিভাগীয় মামলা নম্বরঃ ...১৬৩.../২০২০

## অভিযোগনামা

যেহেতু আপনি ডা. বিজন কুমার নাথ (৪২০৭৩), সিনিয়র কনসালটেন্ট (সার্জারি), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম ২০১৪-১৫ অর্থবছরে চট্টগ্রাম ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে এমএসআর (ভারী যন্ত্রপাতি) সামগ্রী ক্রয় কার্যক্রমে বাজারদর যাচাই কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালনকালে প্রতারণা ও জালিয়াতির আশ্রয় নিয়ে মেসার্স ওয়ার্সি সার্জিক্যাল, জেনেটিক ট্রেডিং ও রিলায়েন্স সলিউশন লিমিটেডের ভুয়া প্যাডে ভুয়া স্বাক্ষরের মাধ্যমে জাল বাজারদর সৃজন করেছেন;

যেহেতু আপনি উক্ত ক্রয় কার্যক্রমে জাল বাজারদর সৃজন করে হাসপাতালে অধিক মূল্যে এমএসআর সরঞ্জাম ক্রয়/সরবরাহের মাধ্যমে-

১. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ৩০.০৪.২০১৫ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/১০৭৪৪ মূলে ১,৬৮,৯৫,৪২৫/- (এক কোটি আটষট্টি লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচিশ) টাকা,

২. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১৯.০৩.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব ২০১৪-১৫/৬৯১৫ মূলে ১,৩০,৪০,০০০/- (এক কোটি ত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং

৩. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১২.১০.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/৩০২৭৭ মূলে ৬,১৫,৯৫,০০০/- (ছয় কোটি পনের লক্ষ পঁচানব্বই হাজার) টাকা;

অর্থাৎ তিনটি কার্যাদেশে মোট ৯,১৫,৩০,৪২৫/- (নয় কোটি পনের লক্ষ ত্রিশ হাজার চারশত পঁচিশ) টাকা আত্মসাৎ/আত্মসাতে সহযোগিতা করেছেন;

যেহেতু দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধানে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;

যেহেতু উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে দুদকের চট্টগ্রাম-১ সমন্বিত জেলা কার্যালয়ে মামলা নং ৪৬, তারিখ: ২৫.১১.২০১৯ খ্রি. দায়ের করা হয়েছে;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

১১.১০.২০২০

**(মো. আবদুল মান্নান)**
**সচিব**

**ডা. বিজন কুমার নাথ (৪২০৭৩)**
সিনিয়র কনসালটেন্ট (সার্জারি)
২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম
(স্থায়ী ঠিকানাঃ ডাঃ বিজন কুমার নাথ, আনন্দধারা আবাসিক এলাকা ৩৫৮/৩৭৭, কোতায়ালী, চট্টগ্রাম)

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৮.২০২০- ৩৬১/১ (১৩) তারিখঃ ১১.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধসহ)
৩। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
৮। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম
৯। সিভিল সার্জন, চট্টগ্রাম।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩। অফিস কপি

১১.১০.২০২০

**(মো: শাহাদত হোসেন কবির)**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

D:\Discipline Work 2018\DP Folder-2020\Charge Frame-2020-162.docx

# <u>অভিযোগ বিবরণী</u>

আপনি ডা. বিজন কুমার নাথ (৪২০৭৩), সিনিয়র কনসালটেন্ট (সার্জারি), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম ২০১৪-১৫ অর্থবছরে চট্টগ্রাম ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে এমএসআর (ভারী যন্ত্রপাতি) সামগ্রী ক্রয় কার্যক্রমে বাজারদর যাচাই কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালনকালে প্রতারণা ও জালিয়াতির আশ্রয় নিয়ে মেসার্স ওয়ার্সি সার্জিক্যাল, জেনেটিক ট্রেডিং ও রিলায়েন্স সলিউশন লিমিটেডের ভুয়া প্যাডে ভুয়া স্বাক্ষরের মাধ্যমে জাল বাজারদর সৃজন করেছেন;

আপনি উক্ত ক্রয় কার্যক্রমে জাল বাজারদর সৃজন করে হাসপাতালে অধিক মূল্যে এমএসআর সরঞ্জাম ক্রয়/সরবরাহের মাধ্যমে-

১. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ৩০.০৪.২০১৫ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/১০৭৪৪ মূলে ১,৬৮,৯৫,৪২৫/- (এক কোটি আটষট্টি লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচিশ) টাকা,

২. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১৯.০৩.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব ২০১৪-১৫/৬৯১৫ মূলে ১,৩০,৪০,০০০/- (এক কোটি ত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং

৩. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১২.১০.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/৩০২৭৭ মূলে ৬,১৫,৯৫,০০০/- (ছয় কোটি পনের লক্ষ পঁচানব্বই হাজার) টাকা;

অর্থাৎ তিনটি কার্যাদেশে মোট ৯,১৫,৩০,৪২৫/- (নয় কোটি পনের লক্ষ ত্রিশ হাজার চারশত পঁচিশ) টাকা আত্মসাৎ/আত্মসাতে সহযোগিতা করেছেন;

দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধানে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;

উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে দুদকের চট্টগ্রাম-১ সমন্বিত জেলা কার্যালয়ে মামলা নং ৪৬, তারিখ: ২৫.১১.২০১৯ খ্রি. দায়ের করা হয়েছে;

আপনার উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন।

১১.১০.২০২০

(মো. আবদুল মান্নান)
সচিব

C:\Users\User\Documents\Rescue13.asd